দৈনিক জনকণ্ঠ

APR 10 2002

পৃষ্ঠা ৬ কলাম ৬

# তাড়াইল উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানের বেহাল অবস্থা

কিশোরগঞ্জ জেলার অত্যন্ত ভাটি অঞ্চল নামে পরিচিত সাতটি ইউনিয়ন নিয়ে গঠিত তাড়াইল উপজেলা। এখানে সরকারী-বসরকারী প্রাথমিক বিদ্যালয়ের কয়েক হাজার ছাত্র-ছাত্রীর লেখা পড়া ব্যাহত হচ্ছে। এর প্রথম কারণ হচ্ছে শিক্ষক-শিক্ষিকা প্রয়োজনের তুলনায় সংখ্যায় অপ্রতুল। প্রতিটি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩০০ থেকে ৪০০। কিন্তু শিক্ষক-শিক্ষিকার সংখ্যা গড়ে ২/৩ জন। অনেক সময় সংশ্লিষ্ট শিক্ষা অফিসে শিক্ষকগণ উপবৃত্তিসহ দাপ্তরিক কাজে ব্যস্ত থাকেন। ফলে স্কুলে ছাত্র-ছাত্রীদের শিক্ষকগণ পাঠদান করতে পারেন না। এ সমস্যা ভাটি অঞ্চলে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক ঘোষণা হওয়ার আগে থেকে। ফলে অভিভাবকগণ উদ্বিগ্ন। ধান কাটার মৌসুমে অনেক স্কুল বন্ধ হওয়ার উপক্রম হয়। কারণ প্রতিটি স্কুল। মাঠে খড় ও ধান রাখা হয়ে থাকে। কোনো কোনো স্কুলের শিক্ষকদের দায়িত্ব পালনে অনিয়মের অভিযোগও পাওয়া গেছে। এ অবস্থার পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে বিনীত আবেদন জানাচ্ছি।

**মোঃ সামছুল হক সরকার,**
গ্রাম: কৌলীগাতি,
ডাকঘর: নুরুড়া বাজার,
উপজেলা: তাড়াইল,
জেলা: কিশোরগঞ্জ।